



জরুরি

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন  
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।  
ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৮০০.৩৬.০০১.১৮.৫৭৯

তারিখ: ২৪ চৈত্র ১৪২৭

০৭ এপ্রিল ২০২১

বিষয়: আইএসপি অপারেটর কর্তৃক স্থাপিত বিদ্যমান PoP হতে ০১ (এক) কিঃমিঃ এরিয়ার মধ্যে নতুন PoP স্থাপনের ক্ষেত্রে প্রয়োজনীয় নির্দেশনা প্রসঙ্গে।

সূত্র: বিটিআরসি হতে জারিকৃত আইএসপি লাইসেন্সিং গাইডলাইন এর স্মারক নং-  
১৪.৩২.০০০০.০০৭.৫৫.১০১.১৫.৬১৩; তারিখঃ ১৫-১২-২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আইএসপি লাইসেন্সিং গাইডলাইন এর অনুচ্ছেদ-৩৯.১৬ অনুযায়ী আইএসপি অপারেটর কর্তৃক স্থাপিত Point of Presence (PoP) হতে ০১ (এক) কিঃমিঃ এরিয়ার মধ্যে নতুন PoP স্থাপনের পূর্বে কমিশনের পূর্বানুমোদন গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। সুতরাং, কোন আইএসপি অপারেটর কর্তৃক কমিশনের পূর্বানুমোদন গ্রহণ ব্যতিরেকে বিদ্যমান PoP হতে ০১ (এক) কিঃমিঃ এরিয়ার মধ্যে নতুন PoP স্থাপন করা হলে উহা অবৈধ PoP হিসেবে বিবেচনা করা হবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। তবে উল্লেখ্য যে, আইএসপি অপারেটর কর্তৃক স্থাপিত Point of Presence (PoP) হতে ০১ (এক) কিঃমিঃ এর বাইরে নতুন PoP স্থাপনের ক্ষেত্রে বর্তমানে বিদ্যমান পদ্ধতি বহাল থাকবে।

২। এমতাবস্থায়, স্থাপিত PoP হতে ০১ (এক) কিঃমিঃ এরিয়ার মধ্যে নতুন PoP স্থাপনের পূর্বে কমিশনের পূর্বানুমোদন গ্রহণের জন্য সকল আইএসপি অপারেটরদের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭-৪-২০২১

মাহরীন আহসান  
উপ-পরিচালক

চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী  
কর্মকর্তা/ সত্বাধিকারী, সকল ISP (Nationwide/  
Central Zone/ Zonal/ Category-A/ B/  
C) অপারেটর।

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৮০০.৩৬.০০১.১৮.৫৭৯/১

তারিখ: ২৪ চৈত্র ১৪২৭

০৭ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সভাপতি/ সাধারণ সম্পাদক, আইএসপি এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি), বাড়ি-২, লেভেল-৪,  
রোড-২৮, ব্লক-কে, বনানী, ঢাকা-১২১৩ (সদস্য প্রতিষ্ঠানসমূহকে অবহিত করার অনুরোধসহ)।



৭-৪-২০২১

মাহরীন আহসান

উপ-পরিচালক